

আয় রে মোরা ফসল কাটি—

ফসল কাটি, ফসল কাটি ।

মাঠ আমাদের মিতা ওরে, আজ তারি সওগাতে
মোদের ঘরের আঙন সারা বছর ভরবে দিনে রাতে ॥

মোরা নেব তারি দান, তাই-যে কাটি ধান,

তাই-যে গাহি গান— তাই-যে সুখে খাটি ॥

বাদল এসে রচেছিল ছায়ার মায়াঘর,

রোদ এসেছে সোনার জাদুকর—

ও সে সোনার জাদুকর ।

শ্যামে সোনায় মিলন হল মোদের মাঠের মাঝে,
মোদের ভালোবাসার মাটি-যে তাই সাজল এমন সাজে ।

মোরা নেব তারি দান, তাই-যে কাটি ধান,

তাই-যে গাহি গান— তাই-যে সুখে খাটি ॥

Parjaay: Anushthanik, Taal: Dadra, Style: Bhairavi-Baul

Visit www.geetabitan.com for notation and other detail